

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ব্যাজেট ব্যবস্থাপনা শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

স্মারক নম্বর-০৯.০০.০০০০.০০০.০৭৮.২৫.০০০২.২৫.৮৭

তারিখ: ২১ কার্তিক ১৪৩২ ব.
০৬ নভেম্বর ২০২৫ খ্রি.

ইন্টার্নশিপ আহবান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অধীন ৩ (তিনি) মাস মেয়াদে দুইটি ব্যাচে (প্রতি ব্যাচে ১০ জন করে) মোট ২০(বিশ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে (<https://erdintern.teletalk.com.bd> ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না। পদের নাম, বয়সসীমা, যোগ্যতা, বেতন ক্ষেত্র ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ:

০১। প্রার্থীগণকে নিম্নবর্ণিত বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর হতে হবে:

ইংরেজি/আন্তর্জাতিক সম্পর্ক/হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/ব্যাংকিং/অর্থনীতি/বাণিজ্যিক ভূগোল/ গণিত/পরিবেশ বিজ্ঞান/জলবায়ু পরিবর্তন/ব্যবসায় প্রশাসন/ব্যবস্থাপনা/লোক প্রশাসন/জনপ্রশাসন/ পাবলিক পলিসি/উন্নয়ন সহযোগিতা ইত্যাদি।

০২। আবেদনের যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে; ২০/১১/২০২৫ তারিখে বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- (খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
- (গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিপ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
- (ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

- ০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
- ০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
- ০৬। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতি মাসে সুপারভাইজারের নিকট থেকে সম্মোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।
- ০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাথিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।
- ১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।
- ১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনাতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <https://erdintern.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়: ১০/১১/২০২৫ সকাল ১০.০০ টা।

(ii) Online-আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/১১/২০২৫ বিকাল ০৫.০০ টা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তি প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঞ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel ক্ষ্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্য সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশমতে ছবি ও স্বাক্ষর upload করে আবেদন Submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি/ Teletalk এর সার্ভিস চার্জ জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সম্পত্তিক তোলা রঞ্জিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঞ্জিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বের মাধ্যমে ০২)দুই (টি SMS করে Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (জ্যাটসহ অফেরতযোগ্য) ১২ (বারো) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, “Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি/ Teletalk এর সার্ভিস চার্জ জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।”

প্রথম SMS: ERDINTERN<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: ERDINTERN ABCDEF

Reply: Applicant's Name, Tk. 12 will be charged as TBL service charge/fee. Your PIN is XXXXXXXXXXXX. To pay fee Type ERDINTERN<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: ERDINTERN<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example :ERDINTERN YES XXXXXXXXXXXX

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ERDINTERN Application for XXXXXXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

১৬। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <https://erdintern.teletalk.com.bd> অথবা অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর Website: www.erd.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS এবং প্রাপ্তি নির্দেশনা তাংক্ষণিকভাবে অনুসরণ করা বাস্তুনীয়।

১৭। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নোক্ত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

ERDINTERN<space>Help<space>User<space>User ID & Send to 16222

Example: ERDINTERN HELP User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে:

ERDINTERN<space>Help<space>PIN<space>PIN NO & Send to 16222.

Example: ERDINTERN HELP PIN 12345678

১৮। মৌখিক পরীক্ষায় সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্পত্তিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঞ্জিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ডিঙ্কারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিঙ্কারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং প্রার্থীর বিবুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও টেলিটক এর সার্ভিস চার্জ পদানের পরামর্শ দেয়া যাচ্ছে।



অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর
ওয়েবসাইটে প্রবেশ এর QR Code



অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর
টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code



আহমদ আলী

উপসচিব

ফোন: +8802222216736
ইমেইল: budget@erd.gov.bd